

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সাভার, ঢাকা-১৩৪১

...

সভাপতি	ড. নাসরিন সুলতানা প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা
সভার তারিখ	২৮/১০/২০১৯ খ্রিঃ
সভার সময়	বেলা ১১:০০ ঘটিকা
স্থান	বিএলআরআই প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

গত ২৮/১০/২০১৯ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত বিএলআরআই ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

গত ২৮ অক্টোবর, ২০১৯ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় ইনোভেশন অফিসার ড. নাসরিন সুলতানা এর সভাপতিত্বে বিএলআরআই এর প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষে ইনোভেশন টিমের একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যদের তালিকা নিম্নরূপ।

ক্রমিক নং	নাম	পদবি	স্বাক্ষর
০১।	মোহাম্মদ লুৎফুল হক, সদস্য, ইনোভেশন টিম	সিস্টেম এনালিস্ট	স্বাক্ষরিত
০২।	ড. গৌতম কুমার দেব, মেন্টর, ইনোভেশন টিম	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৩।	ড. সরদার মোহাম্মদ আমানুল্লাহ, সদস্য, ইনোভেশন টিম	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৪।	নাজমুল হুদা, ইনোভেটর	বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৫।	মোঃ ফয়জুল হোসাইন মিরাজ, ইনোভেটর	বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৬।	মোঃ আল-মামুন, সদস্য, ইনোভেশন টিম	লাইব্রেরিয়ান	স্বাক্ষরিত

সভাপতি সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর আলোকে ইনোভেশন কর্মকাণ্ডের অগ্রগতি সম্পর্কে সভাপতি সভাকে অবহিত করেন এবং পরিকল্পনায় গৃহীত কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য টিমের সদস্যদেরকে তাগিদ দেন। সভায় ইনোভেশন সদস্য ড. সরদার মোহাম্মদ আমানুল্লাহ নতুন প্রদানকৃত ইনোভেশন আইডিয়াসমূহ গ্রহণ করার পূর্বে ইনোভেশন টিমের সভায় পর্যালোচনা করার বিষয়ে প্রস্তাব পেশ করেন। সভায় নিম্নলিখিত সুপারিশ/সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত/সুপারিশসমূহঃ

- ১। 'খামার বানিজ্যের A to Z' ও 'বিএলআরআই ডেইরি ব্রিডিং ম্যানেজার' অ্যাপস দুটির পাইলটিং বাস্তবায়ন এবং 'Mobile Application Development for Livestock Disease Management' অ্যাপসটি প্রস্তুতকরণসহ ০৩ টি অ্যাপস এর প্রয়োজনীয় অর্থ ছাড়করণের বিষয়ে পরবর্তী ইনোভেশন টিমের সভায় আলোচনা করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।
- ২। ফেসবুকের বিএলআরআই-এর অফিসার গুপে ইনোভেশনের আইডিয়া চেয়ে পোস্ট দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৩। ইনোভেশন টিমের পরবর্তী সভায় বিএলআরআই ডেইরি ব্রিডিং ম্যানেজার' অ্যাপসটির ডেমো উপস্থাপন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৪। আগামী নভেম্বর, ২০১৯ মাসের মধ্যে ২ (দুই) দিনের উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. নাসরিন সুলতানা
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা

স্মারক নম্বর: ৩৩.০৫.২৬৭২.৩০৮.০৬.০০২.১৭.৪৭

তারিখ: ১৫ কার্তিক ১৪২৬

৩১ অক্টোবর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) যুগ্ম-সচিব, ব্লু-ইকোনমি অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ২) মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৩) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, ছাগল ও ভেড়া উৎপাদন গবেষণা বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৫) সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৬) ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বায়োটেকনোলজি বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৭) ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রাণিস্বাস্থ্য গবেষণা বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৮) ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বায়োটেকনোলজি বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৯) প্রোগ্রামার, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ১০) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রাণী উৎপাদন গবেষণা বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ১১) বৈজ্ঞানিক কর্মকর্তা, বায়োটেকনোলজি বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

মোঃ আল-মামুন
লাইব্রেরিয়ান